

B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: কথাসাহিত্য

Course Code: 60117

Course ID: AHBNG-604-DSE-4

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) 'রজনী' উপন্যাসের খণ্ড সংখ্যা ক'টি ? উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ?
- খ) 'রজনী' উপন্যাসটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কার রচিত কোন উপন্যাসের অনুসরণে রচনা করেন ?
- গ) 'মালঞ্চ' উপন্যাসটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল ? আদিভার স্ত্রীর নাম কী ছিল ?
- ঘ) 'শেষ প্রশ্ন' উপন্যাসটি কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয় ?
- ঙ) অঞ্জনগড় স্টেটের আয়তন কত ? অঞ্জনগড়ের ল-এজেন্টের পদে কাকে বসানো হয়েছিল ?
- চ) 'পরশুরামের কুঠার' গল্পে যে জনপদের কথা আছে তার নাম কী ? গল্পে বাংলা স্কুলের ছেলেরা খনিয়ার কুটিরকে কী নামে ডাকত ?
- ছ) "ভারি তেষ্ঠা পেয়েছে, না রে জগদল ?" – উদ্ধৃতাংশটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? বক্তা কে ?
- জ) সপ্তাহে কোন দিন অঞ্জনগড়ের দরবার থেকে চিড়ে-গুড় বিতরন করা হত ? মহারাজ কোন দিন প্রজাদের আশীর্বাদ করতে বেরোতেন ?

২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ৫ = ১০

- ক) 'রজনী' উপন্যাসে সন্ন্যাসীর নাম কী ছিল ? সন্ন্যাসীকে নিয়ে এসে অলৌকিকত্ব প্রয়োগ উপন্যাসের জন্য কতখানি প্রয়োজন ছিল, তা বুঝিয়ে দাও।
- খ) 'মালঞ্চ' উপন্যাসে আদিত্য চরিত্র রূপায়ণে লেখক কতখানি সফল তা বুঝিয়ে দাও।
- গ) শিবনাথ কমলকে কেন বিবাহ করেছিল সংক্ষেপে ব্যাখ্যা করো। কমল কী শিবনাথের প্রথম স্ত্রী ছিল ?
- ঘ) দুলাল মাহাত তার দ্বিতীয় পত্রে অঞ্জনগড়ের মহারাজের কাছে কী কী দাবী পেশ করেছিল ?

৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ১০ = ২০

- ক) 'রজনী' উপন্যাসের শ্রেণি বিচার করো।
- খ) 'মালঞ্চ' উপন্যাসের 'বিষয়টি পুরনো এবং চিরনতুন' – এ কথা বলার পক্ষে যুক্তিসহ আলোচনা করো।
- গ) 'শেষ প্রশ্ন' উপন্যাসের শেষ প্রশ্নটি কী ? এই প্রশ্ন উপন্যাসের গতিকে কীভাবে নিয়ন্ত্রণ করেছে ?
- ঘ) 'ফসিল' গল্পে শোষিত শ্রমজীবী আর শোষক দেশীয় রাজন্যবর্গ ও বিদেশী শিল্পপতিদের মধ্যে যে স্বার্থের সংঘাত ও তার পরিণতি চিত্রিত হয়েছে, তা নিজের ভাষায় লেখো।

B.A. 6th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: নাট্যসাহিত্য

Course Code: 60117

Course ID: AHBNG-604-DSE-4

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

ক) ট্রাজেডি শব্দের উৎস নির্দেশ করো।

খ) নাট্যবৃত্ত কাকে বলে ?

গ) বিদ্যোৎসাহিনী রঙ্গমঞ্চ কে কত খৃস্টাব্দে প্রতিষ্ঠা করেছিলেন ?

ঘ) ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয় ? ন্যাশনাল থিয়েটারে প্রথম অভিনীত নাটকের নাম কী ?

ঙ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে 'এবং' শব্দের তাৎপর্য কী ?

চ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকটি কে প্রথম ইংরাজি ভাষায় অনুবাদ করেন? এই নাটকটি কোথায় প্রথম অভিনীত হয় ?

ছ) 'নটী বিনোদিনী' নাটকের বিনোদিনীর প্রকৃত পরিচয় কী ?

জ) নাটকের কালসাম্য (Unity of time) বলতে কী বোঝ ?

২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ৫ = ১০

ক) কমেডি অব হিউমার্স (Comedy of Humors)- এর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

খ) বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে স্টার থিয়েটারের গুরুত্ব আলোচনা করো।

গ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে ইন্দ্রজিৎ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঘ) 'নটী বিনোদিনী' নাটকে সুরৎকুমারী চরিত্রটি বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ১০ = ২০

ক) ট্রাজেডির সংজ্ঞা দিয়ে এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) শখের নাট্যশালা বলতে কী বোঝ ? বাংলা নাটকের বিবর্তনের ধারায় বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব আলোচনা করো।

গ) 'এবং ইন্দ্রজিৎ' নাটকে সময়ের চিহ্ন কীভাবে ধরা পড়েছে বিশদ আলোচনা করো।

ঘ) 'নটী বিনোদিনী' নাটকে গিরিশ চরিত্রটি বিশ্লেষণ করো।